দৈনিক বাংলা

তারিখ ১১।২।৮২

পৃষ্ঠা

২৫

085

# ফেনীর লাইব্রেরীতে বোর্ডের বই বিক্রি হচ্ছে

(সংবাদদাতা)

ফেনী, ৮ই ফেব্রুয়ারী।—ফেনীর বিভিন্ন এলাকার লাইব্রেরীতে প্রকাশ্যে বোর্ডের বই বিক্রি হচ্ছে। ছাত্ররা চড়াদামে এসব বই কিনছে।

এ ব্যাপারে ফেনীর প্রধান ডাকঘরের পোস্টমাস্টার বলেন, এক শ্রেণীর লাইব্রেরীর মালিক বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকের কাছ থেকে ভুয়া পরিচয়পত্র সংগ্রহ করে ডাকঘর থেকে বই তুলে বাজারে চড়া দামে বিক্রি করছে। এর সঙ্গে ডাকঘরের কতিপয় কর্মচারীও যুক্ত আছে বলে অভিযোগে প্রকাশ।